

# Times Today BD

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 15 June, 2025

শেরপুর-ময়মনসিংহ মহাসড়কের ভাতশালা ইউনিয়নের হাওড়া বাঁশতলা এলাকায় বাসের ধাক্কায় মজনু মিয়া (৫২) নামে এক সাবেক সেনা সদস্য নিহত হয়েছেন। রোববার (১৫ জুন) বেলা সাড়ে ১১টার দিকে দ্রুতগতির সান্দ্রী ডিলাক্স বাসটি তাকে পেছন থেকে ধাক্কা দিয়ে প্রায় ৫০০ মিটার ছেঁচড়ে নিয়ে যায়, ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

নিহত মজনু মিয়া সদর উপজেলার সাপমারী এলাকার বজ মিয়ার ছেলে। প্রত্যক্ষদর্শীরা জানান, সকালে সন্তানদের স্কুলে দিয়ে ও বিদ্যুৎ বিল পরিশোধ করে বাড়ি ফেরার পথে তিনি দুর্ঘটনার শিকার হন।

দুর্ঘটনার পর বিক্ষুব্ধ জনতা ঘাতক বাসটি আটকিয়ে আশ্রয় ধরিয়ে দেয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ ও ফায়ার সার্ভিসের তিনটি ইউনিট কাজ করে।

শেরপুর সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মো. আব্দুল করিম জানান, ঘটনাস্থলে নিরাপত্তা জোরদার করা হয়েছে এবং কিছু সময়ের জন্য যান চলাচল বন্ধ থাকলেও সেনাবাহিনী ও পুলিশের যৌথ উদ্যোগে পরিস্থিতি স্বাভাবিক করা হয়েছে।

নিহত দুর্ঘটনা সেনাবাহিনী পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:08

URL: <https://www.timestodaybd.com/public/mymensingh/7758073416>